

**AKASHVANI(AIR)  
RNU:KOLKATA  
BengaliText Bulletin**

**Date 28-11-2025**

**Time: 7.50 P.M.**

**বিশেষ বিশেষ খবর:-**

- ১/ নির্বাচন কমিশন জানিয়েছে, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় এখনো পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি মৃত ভোটারকে শনাক্ত করা হয়েছে।
- ২/ এস আই আর নিয়ে ত্রুটি কংগ্রেস মুখ্য নির্বাচন কমিশনারের কাছে যে অভিযোগ করেছে, বিজেপি তা সারবত্তহীন বলে খারিজ করে দিয়েছে।
- ৩/ ২০২৫ এর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় অভিজ্ঞতার ভিত্তিতে কেন অতিরিক্ত ১০ নম্বর দেওয়া হচ্ছে তা রাজ্য সরকারের কাছে জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট।
- ৪/ হাওড়ার বালিতে ত্রুটি কংগ্রেসের পঞ্চায়েত প্রধান দেবৰূত মন্ডল ও তাঁর এক সঙ্গীর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় এখনো পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।
- ৫/ কেন্দ্রের নতুন সংশোধিত ওয়াকফ আইন মেনে রাজ্যের থাকা ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কেন্দ্রীয় পোর্টালে আপলোড করার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার।
- ৬/ গোয়ায় আজ ৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফির শেষ দিনে আয়োজন করা হয় সলিল চৌধুরী শতবার্ষিকী স্মরণে বিশেষ অনুষ্ঠান।

---

নির্বাচন কমিশন জানিয়েছে, রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ায় এখনও পর্যন্ত ১৫ লক্ষেরও বেশি মৃত ভোটারকে শনাক্ত করা হয়েছে। এপর্যন্ত

রাজ্যে ৭ কোটি ৬৫ লক্ষ এনুমারেশন ফর্ম বিলি হয়েছে। এর মধ্যে ৬ কোটি ৪৫ লক্ষ ফর্ম ইতোমধ্যেই ডিজিটাইজ করা হয়েছে। এই প্রক্রিয়া চলাকালীন মোট ১৫ লক্ষ ৫৩ হাজার মৃত ভোটারকে শনাক্ত করা সম্ভব হয়। মৃত, নিখোঁজ, স্থানান্তরিত এবং একাধিক জায়গায় নাম থাকা ভোটার হিসাবে চিহ্নিত করা হয়েছে মোট ২৭ লক্ষ ৭১ হাজার ভোটার। এর মধ্যে নিখোঁজ ভোটারের সংখ্যা ২ লক্ষ ৬১ হাজার। ২ লক্ষ ৮৮ হাজার ভোটারকে স্থানান্তরিত বলে নথিভুক্ত করা হয়েছে। ভোটার তালিকায় দু জায়গায় নাম আছে, এমন ভোটারের সংখ্যা ৫৮ হাজার ১৬৪।

---

ভোটার তালিকার বিশেষ নিরিড় সংশোধনী (এসআইআর) নিয়ে রাজনৈতিক চাপানড়তোর অব্যাহত।

তৃণমূল কংগ্রেসের একটি প্রতিনিধিদল আজ দিল্লিতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে দেখা করে অভিযোগ জানায়, পশ্চিমবঙ্গ জুড়ে এসআইআর-সংশ্লিষ্ট অন্তত ৪০টি মৃত্যুর ঘটনা ঘটেছে। এর নৈতিক দায় নির্বাচন কমিশনের বলে দলের তরফে অভিযোগ করা হয়। দলের রাজ্যসভার নেতা ডেরেক ও'ব্রায়েনের নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের ১০ সদস্যের সংসদীয় প্রতিনিধি দল নির্বাচন কমিশনের সঙ্গে আজ বৈঠকে বসে। ওই দলে ছিলেন মহুয়া মৈত্রী, শতাব্দী রায়, কল্যাণ বন্দ্যোপাধ্যায় প্রমুখ। বৈঠকের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে ডেরেক জানান, একাধিক অভিযোগ করা হলেও কমিশনের তরফে জবাব পাওয়া যায়নি।

বাইট ডেরেক

এদিকে বিজেপি অভিযোগ করেছে, রাজ্য সরকার পরিকল্পিতভাবে বিএলওদের কাজের উপর চাপ সৃষ্টি করে এসআইআর প্রক্রিয়াকে প্রভাবিত করছে। কলকাতায় সাংবাদিক বৈঠকে রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানান, আতঙ্কের পরিবেশে এসআইআর চলছে। তাঁর দাবি, বিভিন্ন পঞ্চায়েত কার্যালয় ও তৃণমূল কংগ্রেসের অফিসে বিএলওদের নিয়ে গিয়ে জোর করে ভুল তথ্য এবং মৃত ব্যক্তিদের নাম আপলোড করানো হচ্ছে। মুখ্য সচিবের নিরাপত্তার আশ্বাস আসলে প্রতারণা বলে দাবি করে তিনি জানান, ইতিমধ্যেই নির্বাচন কমিশনে অভিযোগ জানানো হয়েছে এবং শীঘ্ৰই আরও নথি দিয়ে কমিশনে আবেদন জানানো হবে।

### বাইট শমীক

উত্তর ২৪ পরগণার ব্যারাকপুরে আজ পরিবর্তন যাত্রায় অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার বলেছেন, বিএলও-র ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি নিয়ে তৃণমূল কংগ্রেস মিথ্যা প্রচার করছে। এরাজ্যে ইতোমধ্যেই ৮০ শতাংশ ফর্ম ডিজিটাইজেশনের কাজ সম্পূর্ণ হয়েছে।

### বাইট সুকান্ত

---

২০২৫-এর স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষায় অভিজ্ঞতার ভিত্তিতে কেন অতিরিক্ত ১০ নম্বর দেওয়া হচ্ছে, রাজ্য সরকারের কাছে তা জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। আজ বিচারপতি অমৃতা সিনহার ঘরে মামলাটির শুনানি শুরু হয়েছে। মামলাকারীদের পক্ষে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য, তাঁর সওয়ালে এবারের প্যানেলও দুর্নীতির জন্য বাতিল করার আবেদন করেন। তিনি বলেন, ২০১৬ সালের পরীক্ষায় যেধরনের দুর্নীতি

হয়েছে, তাতে সেই প্যানেলে থাকা কাউকেই অভিজ্ঞতার জন্য অতিরিক্ত ১০ নম্বর দেওয়া উচিত নয়।

---

হাওড়ার বালিতে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত প্রধান দেবৰত মন্ডল ওরফে বাবুকে লক্ষ্য করে গতরাতে অঙ্গাত পরিচয়ে দৃষ্টিতে গুলি চালায়। এই ঘটনায় তিনি ও তার সঙ্গী গুরুতর আহত হয়েছেন। এই ঘটনায় এখনও কেই গ্রেপ্তার হয়নি। জানা গেছে, সাঁপুইপাড়া বসুকাটি গ্রাম পঞ্চায়েতের প্রধান দেবৰত বাবু একটি অনুষ্ঠান বাড়ি থেকে ফিরছিলেন। তার সঙ্গে ছিলেন অনুপম রানা নামে একজন। নিশ্চিন্দা এলাকায় বুড়ো শিবতলার কাছে বাইকে করে দুই দুষ্কৃতী এসে তাদের লক্ষ্য করে এলোপাথারি গুলি চালায়। ঘটনাস্থল থেকে তাদের উদ্ধার করে প্রথমে বেলুড় স্টেট জেনারেল হাসপাতাল নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার আরও অবনতি হলে তাকে এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। এই ঘটনার সঙ্গে কারা যুক্ত তা এখনও নির্দিষ্টভাবে জানা যায়নি।

---

রাজ্যের লোকায়ুক্তি নিয়োগ কমিটির বৈঠকে বসতে চলেছে আগামী সোমবার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সভাপতিত্বে নবান্নে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিতি থাকার জন্যে কমিটির বাকি তিনি সদস্য অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আমন্ত্রণ জানানো হয়েছে। তবে শুভেন্দুবাবু বৈঠকে থাকবেন না বলে সাংবাদিকদের জানিয়েছেন।

---

রাজ্য পুলিশে জেলা ও কমিশনারেট স্তরে আজ ফের বড়সড় রদবদল করা হয়েছে। এক নির্দেশে ৫৭ জন পুলিশ কর্তাকে বদলি করা হয়েছে। তালিকায় রয়েছে ব্যারাকপুর, বিধাননগর, আসানসোল-দুর্গাপুর, চন্দননগর, হাওড়া-সহ একাধিক পুলিশ কমিশনারেট এবং সুন্দরবন, মুর্শিদাবাদ, বাঁকুড়া, আলিপুরদুয়ার, দাজিলিং-সহ বিভিন্ন জেলার গুরুত্বপূর্ণ পদ। স্বরাষ্ট্র দপ্তরের এই বিজ্ঞপ্তিতে স্পষ্ট জানানো হয়েছে, প্রশাসনিক প্রয়োজনে পুলিশ আধিকারিকদের বদলি করা হল। সূত্রের খবর, চলতি বছরের শেষ লগ্নে এবং আগামী বছরের শুরুতে আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও জোরদার করার লক্ষ্যে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদের দায়িত্ব নতুন হাতে তুলে দেওয়া হয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দুরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

---

কেন্দ্রীয় নতুন সংশোধিত ওয়াকফ আইন মেনে রাজ্যে থাকা ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কেন্দ্রীয় পোর্টালে আপলোড করার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। আগামী বৃহস্পতিবার ৫'ই ডিসেম্বরের মধ্যে এই কাজ সম্পূর্ণ করতে হবে

বলে রাজ্যের সংখ্যালঘু ও মাদ্রাসা শিক্ষা দণ্ডের সচিব পি বি সেলিম, সব জেলার জেলাশাসককে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রের খবর।

উল্লেখ্য, রাজ্য আট হাজারের'ও বেশী ওয়াকফ এস্টেটের অধীনে ৮২ হাজারের'ও বেশী ওয়াকফ সম্পত্তি রয়েছে। গত ৮'ই এপ্রিল সংসদে ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত নতুন সংশোধনী পাশ হওয়ায় নতুন আইনটি কার্যকর হয়েছে।

---

গোয়ায় আয়োজিত ৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ইফির আজ শেষ দিন।

(ইনসার্ট- ওপেনিং)

সদ্যপ্রয়াত কিংবদন্তি অভিনেতা ধর্মেন্দ্রকে সম্মান জানানো হলো ৫৬ তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের সমাপ্তি অনুষ্ঠান থেকে। ভারতীয় সিনেমায় পঞ্চাশ বছর উদ্যাপন করছেন আর এক কিংবদন্তি অভিনেতান- রজনীকান্ত। তাকেও এই মঞ্চ থেকে সম্মাননা জানানো হয়। গত সাতদিন ধরে সমুদ্র সুন্দরী গোয়া শহরে চলচ্চিত্র আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত হয়েছেন দেশ-বিদেশের বহু চলচ্চিত্র শিল্পী। শেষদিনে সলিল চৌধুরী শতবার্ষিকী স্মরণে দেখানো হয় তাঁরই সুরারোপিত সিনেমা ‘মুসাফির’।

একটি প্রতিবেদন

ইফি ক্লোজিং

---

নৌ সংগ্রহ পালনের অঙ্গ হিসেবে ভারতীয় নৌবাহিনীর দুটি গাইডেড মিসাইল যুদ্ধজাহাজ করভেট INS খঞ্জর ও INS কোরা গতকাল কলকাতা বন্দরে এসে পৌঁছেছে। GRSE নির্মিত INS খঞ্জর ১৯৯১ সালে এবং INS কোরা ১৯৯৮সালে নৌ বাহিনীর কাজে যুক্ত করা হয়।

এই উপলক্ষে আজ এক সাংবাদিক বৈঠকে নৌ বাহিনীর নাভাল অফিসার- ইনচার্জ অজয় যাদব জানিয়েছেন, এই জাহাজ দুটি উপকূলীয় নজরদারি, বিশেষ সুরক্ষা ব্যবস্থা, জলদস্য দমনে বিশেষ ভূমিকা পালন করে থাকে। দেশীয় প্রযুক্তিতে নির্মিত এই জাহাজ দুটি আত্মনির্ভর ভারতের বিশেষ উদাহরণ। নৌ বাহিনীর কাজকর্ম ও সক্ষমতা মানুষের কাছে তুলে ধরতে কলকাতা বন্দরে জাহাজ দুটি রাখা হয়েছে। শ্রী যাদব আরো জানান, আগামীকাল থেকে ৩০ তারিখ পর্যন্ত সাধারণ মানুষ কলকাতা বন্দরে এসে জাহাজ দুটিকে দেখতে পারবেন।

---

সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক স্টেডিয়ামে, বাংলা, গুজরাতকে ৩ উইকেটে হারিয়ে দিয়েছে। গুজরাত প্রথমে ব্যাট করে ১২৭ রানে অল আউট হয়ে যায়। বিশাল বি জয়সওয়াল ৩৬ রান করেন। বাংলার সক্ষম চৌধুরী ৩ টি, মহম্মদ শামি ও সায়ন ঘোষ ২ টি এবং ঝাঁকি চ্যাটার্জী ও করণ লাল ১ টি করে উইকেট নেন।

জবাবে ব্যাট করতে নেমে বাংলা ৭ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্যে পৌঁছে যায়। অধিনায়ক অভিমন্ত্যু সুশ্রবণ ৩৪ রান করেন। শাহবাজ আহমেদ ১৯ ও সক্ষম চৌধুরী ৮

রানে অপরাজিত ছিলেন। গুজরাতের হেমাঙ্গ প্যাটেল, এইচ ভি প্যাটেল ও রবি বিষ্ণোই ২ টি করে উইকেট নেন।

---

আবহাওয়া দণ্ডে পূর্বাভাস মতো সর্বনিম্ন তাপমাত্রা যেমন বেড়েছে, বেড়েছে সর্বোচ্চ তাপমাত্রাও। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়  $17.3^{\circ}$  সেলসিয়াস , যা প্রায় স্বাভাবিক অন্যদিকে সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের কাছে। রাজ্যের দুই একটি জায়গা ছাড়া আজ প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিক। আগামী দু-তিন দিন তাপমাত্রার বিশেষ হেরফের হবে না।

এদিকে, সামুদ্রিক ঘূর্ণিঝড় ditwah ক্রমশ উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে। রবিবার সকাল নাগাদ এটি দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে তামিলনাড়ু পুড়ুচেরি এবং দক্ষিণ অন্ধ্রপ্রদেশ সংলগ্ন এলাকা দিয়ে স্থলেভাগে প্রবেশ করতে পারে। এর কোন প্রভাব এরাজ্যে পড়ার সম্ভাবনা নেই বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে।

---